

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২/২৩ ফেব্রুয়ারি ২০২৬

নং ০৩.১৪.০০০০.০৭৬.৯৯.০০৩.২৪-২৫—সরকারের নির্বাচনী অঙ্গীকার ‘দেশব্যাপী নদী-নালা-খাল, জলাধার খনন ও পুনঃখনন’ কর্মসূচি গ্রহণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি সেল গঠন করা হলো :

(ক) সেলের গঠন

১।	মাননীয় উপদেষ্টা মির্জা আব্বাস উদ্দিন আহমেদ	সভাপতি
২।	সচিব, ভূমি মন্ত্রণালয়	সদস্য
৩।	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৪।	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৫।	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
৬।	প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৭।	মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য
৮।	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য সচিব

(১৩৩৩৯)

মূল্য : টাকা ৪.০০

## (খ) সেলের কর্মপরিধি:

- ১। নদী-নালা-খাল, জলাধার খননের বৎসরভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন;
- ২। সরকারের বিভিন্ন সংস্থার আওতায় চলমান/বাস্তবায়নযোগ্য নদী-নালা-খাল খনন প্রকল্প/প্রোগ্রামের মধ্যে সমন্বয় সাধন;
- ৩। নদী-নালা-খাল, জলাধার খনন কর্মসূচির পরিবীক্ষণ ও উদ্ভূত সমস্যা সমাধানে দিকনির্দেশনা প্রদান;
- ৪। নদী-নালা-খাল খনন কর্মসূচিকে জনসম্পৃক্ত করার লক্ষ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণ;
- ৫। খাল খনন কর্মসূচিকে সামাজিক আন্দোলন হিসেবে গড়ে তোলার কার্যক্রম গ্রহণ।

(গ) পানি সম্পদ মন্ত্রণালয় সেলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঘ) সেল প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার  
পরিচালক-৯।